

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়,

ঢাকা।

এফ ই সার্কুলার নং- ০৪

২১ ফাল্গুন, ১৪১১

তারিখঃ -----

০৫ মার্চ, ২০০৫

বৈদেশিক মুদ্রায় লেনদেনের সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

আমদানীর বিল অফ এন্ট্রি/কাষ্টমস সার্টিফাইড ইনভয়েস দাখিলে মেয়াদোত্তীর্ণ বকেয়ার/মুখ্য  
গরমিলের কারণে আমদানীকারকের খাতে নতুন ঋণপত্র স্থাপনায় বিরত থাকা প্রসংগে।

বিভিন্ন বর্ণনার পণ্য আমদানী বাবত ঋণপত্র স্থাপনা ও মূল্য পরিশোধ সম্প্রতি বেশ বৃদ্ধি পেয়েছে, বিদেশে পরিশোধিত মূল্যের বিপরীতে যথাযথ পণ্য দেশে প্রবিষ্ট হবার নিশ্চয়তা বিধানের আবশ্যিকতাও সেই সূত্রে বৃদ্ধি পেয়েছে। আমদানীর জন্য রেমিট্যান্সের চারমাসের মধ্যে পণ্য দেশে শুদ্ধ কর্তৃপক্ষ থেকে ছাড়কৃত হবার প্রমাণসূচক বিল অফ এন্ট্রি/কাষ্টমস সার্টিফাইড ইনভয়েস দাখিলের আবশ্যিকতা Guidelines for Foreign Exchange Transactions (GFET), Vol. 1, chapter 15, paras 26-28 তে নির্দেশিত রয়েছে। এই নির্দেশনার পরিপালন যথেষ্ট সন্তোষজনক নয় বলে এ বিষয়ে অনুমোদিত ডিলারদের প্রতিবেদন পর্যালোচনায় লক্ষ্য করা যাচ্ছে, ফলে আমদানী বাবত বিদেশে প্রেরিত রেমিট্যান্সের বিপরীতে যথাযথ পণ্য প্রয়োজ্য শুদ্ধ ও কর পরিশোধ করে দেশে আনীত হবার বিষয়ে অনেক ক্ষেত্রে নিশ্চিত হওয়া যাচ্ছে না।

০২. এই অবস্থা নিরসনের জন্য বিল অফ এন্ট্রি/কাষ্টমস সার্টিফাইড ইনভয়েস যথাযথ ও সময়োচিতভাবে দাখিলের বাধ্যবাধকতা কঠোরতরভাবে প্রয়োগের আবশ্যিকতা অনুভূত হয়েছে। এজন্য সিদ্ধান্ত নেয়া হয়েছে যে:

- (ক) আমদানীর জন্য পূর্ববর্তী কোন রেমিট্যান্সের বিপরীতে বিল অফ এন্ট্রি/কাষ্টমস সার্টিফাইড ইনভয়েস নির্দেশিত মেয়াদের (বা বাংলাদেশ ব্যাংক মঞ্জুরীকৃত কোন বর্ধিত মেয়াদের) পরও দাখিলকৃত হয়নি এমন ক্ষেত্রে সংশ্লিষ্ট আমদানীকারকের খাতে নতুন আমদানী ঋণপত্র স্থাপনা থেকে অনুমোদিত ডিলাররা বিরত থাকবে। নতুন গ্রাহকের খাতে আমদানী ঋণপত্র খোলার আগে ঐ গ্রাহকের পূর্ববর্তী আমদানীর অনুমোদিত ডিলার ব্যাংকের/ব্যাংকগুলোর সংগে বিল অফ এন্ট্রি/ কাষ্টমস সার্টিফাইড ইনভয়েস দাখিলের মেয়াদোত্তীর্ণ বকেয়া না থাকার প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংক/ব্যাংকগুলো থেকে সংগ্রহ করে নথি স্থ রাখতে হবে;
- (খ) দাখিলকৃত বিল অফ এন্ট্রি/কাষ্টমস সার্টিফাইড ইনভয়েসে পণ্যের বর্ণনা ও পরিমাণের সংগে মূল্য রেমিট্যান্সকালে ঘোষিত বর্ণনা ও পরিমাণের মুখ্য গরমিল রয়েছে এমন আমদানীগুলো অনুমোদিত ডিলারের ত্রৈমাসিক বিবরণী থেকে বাংলাদেশ ব্যাংকে সনাক্ত করা হবে, এবং সংশ্লিষ্ট আমদানীকারকদের খাতে নতুন আমদানী ঋণপত্র স্থাপনা থেকে বিরত থাকার নির্দেশ জ্ঞাপন করা হবে।

০৩. উপরোক্ত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে। অনুগ্রহ করে সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদমর্মে অবহিত করবেন, এবং নির্দেশনার যথাযথ পরিপালন নিশ্চিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(এ,টি,এম, নাসিরউদ্দিন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৭১২০৬৬৮